



৫৭৬/বাউবি/পরীক্ষা/এইচ.এস.সি/সাধারণ যোগাযোগ/২০১৭/২০৭৬

তারিখ : ২০.০৪.২০১৭

আঞ্চলিক পরিচালক  
আঞ্চলিক কেন্দ্র (সকল)  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় : বাউবি'র এইচ.এস.সি পরীক্ষা-২০১৯ এর উত্তরপত্রে লিথোকোড পদ্ধতির OMR শীট পূরণ শিক্ষার্থী কর্তৃক আয়ত্তকরণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র এইচ.এস.সি পরীক্ষা-২০১৯ থেকে প্রথমবারের মত লিথোকোড পদ্ধতির উত্তরপত্রের মাধ্যমে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পদ্ধতিটি বাউবিতে নতুন হওয়ায় এ বিষয়ে মাঠ পর্যায়ের শিক্ষার্থীদের পূর্ব থেকে অবহিত করা প্রয়োজন। তাই এইচ.এস.সি প্রোগ্রামের পরীক্ষা-২০১৯ এ অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের উত্তরপত্রে OMR শীট সঠিকভাবে পূরণ সংক্রান্ত বিষয় আয়ত্তকরণের নিমিত্তে আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন প্রতিটি স্টাডি সেন্টারের জন্য ১০ টি, উপ-আঞ্চলিক কেন্দ্রের জন্য ০৫ টি ও আঞ্চলিক কেন্দ্রের জন্য ১০ টি হিসেবে মোট ----- টি OMR শীট এতদসঙ্গে প্রেরণ করা হল।

২। উল্লিখিত OMR শীটের “শিক্ষার্থীর অংশ” পূরণ সংক্রান্ত নমুনা কপি এতদসাথে প্রেরণ করা হল। OMR শীটে শিক্ষার্থীর অংশ পূরণ সংক্রান্ত নির্দেশনা নিম্নরূপ:

- প্রোগ্রাম কোড: এইচ.এস.সি প্রোগ্রাম কোড ১১ লিখে বৃত্তের মাধ্যমে তা ভরাট করতে হবে;
- আইডি নম্বর: ড্যাশ (-) ব্যতীত ১১ ডিজিটের আইডি নম্বর লিখে বৃত্তের মাধ্যমে তা ভরাট করতে হবে;
- বিষয় কোড: প্রশ্নপত্রে উল্লিখিত ৪ ডিজিটের বিষয় কোড লিখে বৃত্তের মাধ্যমে তা ভরাট করতে হবে এবং
- কক্ষ পরিদর্শকের স্বাক্ষর: নির্ধারিত স্থানে কক্ষ পরিদর্শকের স্বাক্ষর ও তারিখ থাকতে হবে।

৩। এমতাবস্থায় উপরোক্ত OMR শীট ও পূরণকৃত নমুনা কপি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র ও স্টাডি সেন্টারে প্রেরণসহ সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিতকরণ এবং স্থানীয়ভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

ধন্যবাদসহ।

*daionc*  
২০/৪/১৭

পরীক্ষা নিয়ন্ত্রক  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিতরণ: কার্যার্থে।

- ১। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
- ২। সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র Website এ প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল)।
- ৩। উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক/কো-অর্ডিনেটিং অফিসার, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।

অনুলিপি : সদয় অবগতি জন্য

- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ২। রেজিস্ট্রার, বাউবি।
- ৩। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। প্রোগ্রামার কম্পিউটার, ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
- ৬। সংরক্ষণ নথি।